রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৩ সনের ২ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ১০, ২০১৩

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১৫—৩২ | ৭ম খণ্ড—অন্য কোন খন্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বে সরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৭—৭০ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৯—৪৮ | (৬) ............ ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলীসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**

**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**

**পরিচালনা পর্ষদ ও সমন্বয় অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৯ জুন ২০১২

**নং ৫৩.০০১.০১১.০০.০০.০২২.২০১২-২৩৩**—ইন্টারন্যাশনাল ফাইন্যান্স ইনভেস্টমেন্ট এন্ড কমার্স (আইএফআইসি) ব্যাংক লিমিটেড এর মেমোরেন্ডাম এন্ড আর্টিকেল্‌স অব এসোসিয়েশনের ৯২(২) ধারার প্রদত্ত ক্ষমতাবলে জনাব মোহাম্মদ আলী খান, যুগ্ম-সচিব এর স্থলে জনাব এ.আর.এম নাজমুস সাকিব, অতিরিক্ত-সচিব, অর্থ বিভাগ-কে আইএফআইসি ব্যাংক লিমিটেডের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিয়োগ দেয়া হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**সাবিনা ইয়াসমিন**
উপ-সচিব।

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**অধিশাখা-২ (কর)**

**আদেশ**

তারিখ, ২১ জুন ২০১২

**নং ০৮.০৩২.০১২.০০.০০.০১৯.২০১২-৪১৪**—যেহেতু, জনাব মোঃ আব্দুর রহমান, পিতা ঃ মরহুম আলহাজ্ব নায়েব আলী, গ্রাম-খড়িবাড়ী, পোঃ-গয়াবাড়ী, থানা-ডিমলা, জেলা-নীলফামারী সহকারী কর কমিশনার (সাময়িক বরখাস্ত), কর অঞ্চল-সিলেট মহামান্য হাইকোর্ট বিভাগের রায়ের প্রেক্ষিতে সাবেক মুজিব নগর কর্মচারী হিসেবে জাতীয় রাজস্ব বোর্ডের ০৯-০৭-২০০৩ তারিখের প্রজ্ঞাপন নং-৬(১)বোপ্র-১/৯৯/৩৬২ এর মাধ্যমে অতিরিক্ত সহকারী কর কমিশনার পদে আত্মীকরণ/নিয়োগপ্রাপ্ত হন। পরবর্তীতে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ০৩-১০-২০০৯ তারিখের অম/অসবি-২-পদোন্নতি-৪৫২/২০০৯-৭৩৫ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে সহকারী কর কমিশনার হিসেবে পদোন্নতিপ্রাপ্ত হন;

মোঃ আব্দুল বারিক (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

যেহেতু, জনাব মোঃ আব্দুর রহমান এর বিরুদ্ধে নীলফামারী জেলার ডিমলা থানার ১৪-১০-৯৩ তারিখের পিএস কেস নং-০৩ এবং রংপুর জজ জেলা ও দায়রা জজ আদালতের বিচারধীন স্পেশাল মামলা নং-৩১/২০০১ এর তথ্য গোপন করে তিনি অতিরিক্ত সহকারী কর কমিশনার পদে ১৯-৭-২০০৩ তারিখে চাকরিতে যোগদান করেন;

যেহেতু, জনাব মোঃ আব্দুর রহমান দুর্নীতির দায়ে বিশেষ জজ জেলা ও দায়রা জজ আদালত রংপুর এর স্পেশাল মামলা নং ৩১/২০০১ এর ৩০-১১-২০০৪ তারিখের ঘোষিত রায়ে দুর্নীতির দায়ে তিন বছরের সশ্রম কারাদণ্ডে এবং ৬,৩৫,০০০ (ছয় লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা জরিমানা অনাদায়ে আরো ০৬ (ছয়) মাসের সশ্রম কারাদণ্ডে দণ্ডিত হন। বিজ্ঞ আদালত প্রদত্ত রায়ে দণ্ডের মেয়াদ ধৃত বা আত্মসমর্পণের তারিখ হতে কার্যকর হবে মর্মে উল্লেখ করেন;

যেহেতু, জনাব মোঃ আব্দুর রহমান রংপুর স্পেশাল জজ আদালতের ৩১/২০০১, তারিখ ৩০-১১-২০০৪ মামলার রায়ের প্রেক্ষিতে সাজাপ্রাপ্ত আসামী হিসেবে ০৮-০২-২০১২ তারিখে ধৃত হয়ে কারাবরণ করেন;

যেহেতু, জনাব মোঃ আব্দুর রহমান চাকরিতে যোগদান করার সময় এবং পরবর্তীতে উপরোক্ত সকল তথ্য গোপন করেছেন;

যেহেতু, জনাব মোঃ আব্দুর রহমান এর সাজার আদেশ ৩০-১১-২০০৪ তারিখে ঘোষণা হওয়ায় তাঁকে উক্ত তারিখ হতে বরখাস্ত করার বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের মতামত চাওয়া হয়;

যেহেতু, The Public Servants (Dismissal on Conviction) Ordinance, 1985-এর-৩(১) ধারার বিধান অনুযায়ী তাঁকে সাজা প্রদানের তারিখে অর্থাৎ ৩০-১১-২০০৪ তারিখে তিনি বরখাস্ত (Dismissal) হয়েছেন মর্মে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিভাগ মতামত প্রদান করেছেন।

এক্ষণে, সেহেতু, The Public Servants (Dismissal on Conviction) Ordinance, 1985-এর-৩(১) ধারা মোতাবেক জনাব মোঃ আব্দুর রহমান, সহকারী কর কমিশনার (সাময়িক বরখাস্ত), কর অঞ্চল সিলেট-কে তাঁর সাজা প্রদানের তারিখ ৩০-১১-২০০৪ থেকে সরকারি চাকুরী হতে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

**ড. নাসিরউদ্দীন আহমেদ**
সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৬**

**আদেশাবলী**

তারিখ, ০২ জুলাই ২০১২

**নং আর-৬/৪ডি-১৩/২০১১/৪৮১**—যেহেতু, জনাব মোঃ আব্দুর রাজ্জাক, সাব-রেজিস্ট্রার, আলফাডাঙ্গা, ফরিদপুর-এর বিরুদ্ধে ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির দায়ে অভিযোগ আনায়নপূর্বক ১৩/২০১১ নং বিভাগীয় মামলা রুজু করতঃ কেন তাকে "চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service)" করা হবে না সে মর্মে কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়; এবং

যেহেতু, জনাব মোঃ আব্দুর রাজ্জাক, সাব-রেজিস্ট্রার, আলফাডাঙ্গা, ফরিদপুর, উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাবে প্রস্তাবিত শাস্তি প্রদানের বিপক্ষে গ্রহণযোগ্য কোন যুক্তি প্রদর্শন করতে পারেননি; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা জনাব মোঃ আব্দুর রাজ্জাক, সাব-রেজিস্ট্রার, আলফাডাঙ্গা, ফরিদপুর, এর বিরুদ্ধে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে কর্তৃপক্ষ কর্তৃক জনাব মোঃ আব্দুর রাজ্জাক, সাব-রেজিস্ট্রার, আলফাডাঙ্গা, ফরিদপুরকে অভিযোগের ভিত্তিতে দোষী সাব্যস্ত করে তাকে কেন "চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service)" করা হবে না তদমর্মে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানোর নোটিশের প্রতি উত্তরে জবাব প্রদান করেননি; এবং

যেহেতু, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ কর্তৃক চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) এর গুরুদণ্ড আরোপের প্রস্তাবের প্রেক্ষিতে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন জনাব মোঃ আব্দুর রাজ্জাক, সাব-রেজিস্ট্রার, আলফাডাঙ্গা, ফরিদপুরকে "চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service)" করণের প্রস্তাবের সাথে একমত পোষণ করেন;

সেহেতু, এক্ষণে, জনাব মোঃ আব্দুর রাজ্জাক, সাব-রেজিস্ট্রার, আলফাডাঙ্গা, ফরিদপুরকে ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং আর-৬/৪ডি-১৪/২০১১/৪৮২**—যেহেতু, জনাব সুধীর কুমার সরকার, সাব-রেজিস্ট্রার, তেঁতুলিয়া, পঞ্চগড়-এর বিরুদ্ধে ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির দায়ে অভিযোগ আনায়নপূর্বক ১৪/২০১১ নং বিভাগীয় মামলা রুজু করতঃ কেন তাকে "চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service)" করা হবে না সে মর্মে কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়; এবং

যেহেতু, জনাব সুধীর কুমার সরকার, সাব-রেজিস্ট্রার, তেঁতুলিয়া, পঞ্চগড়, উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাবে প্রস্তাবিত শাস্তি প্রদানের বিপক্ষে গ্রহণযোগ্য কোন যুক্তি প্রদর্শন করতে পারেননি; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা জনাব সুধীর কুমার সরকার, সাব-রেজিস্ট্রার, তেঁতুলিয়া, পঞ্চগড়, এর বিরুদ্ধে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে কর্তৃপক্ষ কর্তৃক জনাব সুধীর কুমার সরকার, সাব-রেজিস্ট্রার, তেঁতুলিয়া, পঞ্চগড়কে অভিযোগের ভিত্তিতে দোষী সাব্যস্ত করে তাকে কেন "চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service)" করা হবে না তদমর্মে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানোর নোটিশের প্রতি উত্তরে সন্তোষজনক জবাব প্রদান করেননি; এবং

যেহেতু, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ কর্তৃক চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) এর গুরুদণ্ড আরোপের প্রস্তাবের প্রেক্ষিতে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন জনাব সুধীর কুমার সরকার, সাব-রেজিস্ট্রার, তেঁতুলিয়া, পঞ্চগড়কে "চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service)" করণের প্রস্তাবের সাথে একমত পোষণ করেন;

সেহেতু, এক্ষণে, জনাব সুধীর কুমার সরকার, সাব-রেজিস্ট্রার, তেঁতুলিয়া, পঞ্চগড়কে ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক "চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service)" করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং আর-৬/৪ডি-১৫/২০১১/৪৮৩**—যেহেতু, মাজেদা বেগম, সাব-রেজিস্ট্রার, বোয়ালখালী, চট্টগ্রাম-এর বিরুদ্ধে ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির দায়ে অভিযোগ আনায়নপূর্বক ১৫/২০১১ নং বিভাগীয় মামলা রুজু করতঃ কেন তাকে "চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service)" করা হবে না সে মর্মে কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়; এবং

যেহেতু, মাজেদা বেগম, সাব-রেজিস্ট্রার, বোয়ালখালী, চট্টগ্রাম, উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাবে প্রস্তাবিত শাস্তি প্রদানের বিপক্ষে গ্রহণযোগ্য কোন যুক্তি প্রদর্শন করতে পারেননি; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা মাজেদা বেগম, সাব-রেজিস্ট্রার, বোয়ালখালী, চট্টগ্রাম এর বিরুদ্ধে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে কর্তৃপক্ষ কর্তৃক মাজেদা বেগম, সাব-রেজিস্ট্রার, বোয়ালখালী, চট্টগ্রামকে অভিযোগের ভিত্তিতে দোষী সাব্যস্ত করে তাকে কেন "চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service)" করা হবে না তদমর্মে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানোর নোটিশের প্রতি উত্তরে সন্তোষজনক জবাব প্রদান করেননি; এবং

যেহেতু, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ কর্তৃক চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) এর গুরুদণ্ড আরোপের প্রস্তাবের প্রেক্ষিতে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন মাজেদা বেগম, সাব-রেজিস্ট্রার, বোয়ালখালী, চট্টগ্রামকে "চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service)" করণের প্রস্তাবের সাথে একমত পোষণ করেন;

সেহেতু, এক্ষণে, মাজেদা বেগম, সাব-রেজিস্ট্রার, বোয়ালখালী, চট্টগ্রামকে ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক "চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service)" করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং আর-৬/৪ডি-০১/২০১২/৪৮৪**—যেহেতু, জনাব আব্দুল বারেক মিয়া, সাব-রেজিস্ট্রার, শ্রীপুর, গাজীপুর-এর বিরুদ্ধে ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির দায়ে অভিযোগ আনায়নপূর্বক ০১/২০১২ নং বিভাগীয় মামলা রুজু করতঃ কেন তাকে "চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service)" করা হবে না সে মর্মে কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়; এবং

যেহেতু, জনাব আব্দুল বারেক মিয়া, সাব-রেজিস্ট্রার, শ্রীপুর, গাজীপুর, উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাবে প্রস্তাবিত শাস্তি প্রদানের বিপক্ষে গ্রহণযোগ্য কোন যুক্তি প্রদর্শন করতে পারেননি; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা জনাব আব্দুল বারেক মিয়া, সাব-রেজিস্ট্রার, শ্রীপুর, গাজীপুর, এর বিরুদ্ধে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে কর্তৃপক্ষ কর্তৃক জনাব আব্দুল বারেক মিয়া, সাব-রেজিস্ট্রার, শ্রীপুর, গাজীপুরকে অভিযোগের ভিত্তিতে দোষী সাব্যস্ত করে তাকে কেন "চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service)" করা হবে না তদমর্মে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানোর নোটিশের প্রতি উত্তরে সন্তোষজনক জবাব প্রদান করেননি; এবং

যেহেতু, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ কর্তৃক চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) এর গুরুদণ্ড আরোপের প্রস্তাবের প্রেক্ষিতে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন জনাব আব্দুল বারেক মিয়া, সাব-রেজিস্ট্রার, শ্রীপুর, গাজীপুরকে "চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service)" করণের প্রস্তাবের সাথে একমত পোষণ করেন;

সেহেতু, এক্ষণে, জনাব আব্দুল বারেক মিয়া, সাব-রেজিস্ট্রার, শ্রীপুর, গাজীপুরকে ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক "চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service)" করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক**
সচিব (দায়িত্বপ্রাপ্ত)।

---

**আদেশাবলী**

তারিখ, ২৫ জুন ২০১২

**নং আর-৬/৭এন ৪১/২০১২-৩৯২**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট দেলওয়ারা বেগম, স্বামী জনাব আবু বকর সিদ্দিক, পিতা জনাব এম ডি শামসুজ্জামানকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের

জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন ৫০/২০১২-৩৯৫**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ আলমগীর দাদন, পিতা মরহুম ডাঃ জনাব নূরুল হক-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পর নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন ৪৪/২০১২-৩৯৭**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে সাতক্ষীরা জেলা আইনজীবী সমিতির সদস্য জনাব এ্যাভোকেট শম্ভু নাথ সিনহা, পিতা স্বর্গীয় জনাব অনাদী রঞ্জন সিনহাকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পর নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মিজানুর রহমান খান**
উপ-সচিব (প্রশাসন-১)।

---

**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ, ০৫ জুলাই ২০১২

**নং বিচার-৭/২এন-৪৯/২০০৪-৫০০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব আতিকুর রহমান, পিতা মৃত মোঃ ছিদ্দিকুর রহমান, সাং শান্তিনগর (পালং), ১নং ওয়ার্ড, ডাকঘর পালং, শরীয়তপুর সদর, শরীয়তপুর এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে শরীয়তপুর জেলার শরীয়তপুর উপজেলাধীন পৌরসভার ১ ও ২নং ওয়ার্ড এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ০৯ জুলাই ২০১২

**নং বিচার-৭/২এন-৩৮/৯৪(অংশ-১)-৫০৭**—নির্দেশিত হয়ে জানাচ্ছি যে, সরকার ১৮৭২ সনের খ্রিস্টান ম্যারেজ আইন, (এ্যাক্ট ১৫) এর ৯ ধারা মোতাবেক জনাব পাস্টর পিঃ বিশ্বাস, পিতা সুষেন বিশ্বাসকে আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকলে কার্যকর হবে না এই শর্তে যশোর জেলার খ্রিস্টান সম্প্রদায়ের মেথোডিস্ট চার্চ এলাকার ম্যারেজ রেজিস্ট্রার লাইসেন্স প্রদানের অনুমোদন জ্ঞাপন করলেন।

২। সরকার কর্তৃক স্থগিত না করা হলে লাইসেন্সধারীর বয়স ৬৫ বৎসর পূর্ণ হওয়ার তারিখ হতে অবসর গ্রহণ করেছেন বলে গণ্য হবে।

**মোঃ মাহমুদুল করিম**
সিনিয়র সহকারী সচিব।

## তথ্য মন্ত্রণালয়

### আইন ও শৃঙ্খলা অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ০৭ আষাঢ় ১৪১৯/২১ জুন ২০১২

**নং তম/আঃ ও শৃঃ/চঃপঃ৬-২/২০০৬/১৬৪**—যেহেতু, জনাব বি, এম, সালাউদ্দিন, পরিচালক (চলচ্চিত্র), চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর এর বিরুদ্ধে এ মন্ত্রণালয়ের ১৮-১২-২০০৬ তারিখের তম/আঃ ও শৃঃ/চঃপঃ৬-২/২০০৬/৭৩০ নং স্মারকমূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) এবং ৩(ডি) বিধিমতে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে অভিযুক্ত করে ২/২০০৬ নম্বর বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারী করা হয়;

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় অভিযুক্ত কর্মকর্তা ব্যক্তিগত শুনানী দিতে আগ্রহ প্রকাশ করায় তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। বিষয়টি তদন্তের জন্য ২৯-০৩-২০১১ তারিখের তম/আঃ ও শৃঃ/চঃপঃ-৬-২/২০০৬/৭৬ নং অফিস আদেশে এ মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব (প্রশাসন ও প্রেস) জনাব মোঃ ফরহাদ হোসেন-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তে জনাব বি,এম, সালাউদ্দিনের বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধিমতে অসদাচরণের অভিযোগ প্রমাণিত এবং একই বিধিমালার ৩(ডি) বিধিমতে দুর্নীতির অভিযোগ অপ্রমাণিত হয়। ৩১-১০-২০১১ তারিখে তাঁকে ২য় কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়। তিনি গত ১৩-১১-২০১১ তারিখে জবাব দাখিল করেন। তার জবাব গ্রহণযোগ্য নয়;

যেহেতু, জনাব বি, এম, সালাউদ্দিন কর্তৃক গৃহীত অগ্রিম সমন্বয়ের বিষয়ে ডিএফপির মহাপরিচালক এর নিকট থেকে প্রাপ্ত সর্বশেষ প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে, বিভিন্ন তারিখে অগ্রিম গৃহীত মোট ১২,০৯,৬০৩.৩১ (বার লক্ষ নয় হাজার ছয়শত তিন টাকা একত্রিশ পয়সা) মাত্র অগ্রিম সমন্বয় করা হয়নি;

যেহেতু, তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধিমতে অসদাচরণের অভিযোগে দোষী সাব্যস্থ করে একই বিধিমালার ৪(২)(ই) বিধিমতে তাঁকে টাইমস্কেলের নিম্নস্তরে নামিয়ে দেয়ার লঘু দণ্ড প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, জনাব বি, এম, সালাউদ্দিন, পরিচালক (চলচ্চিত্র), চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, জবাব ও আনুষঙ্গিক কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(ই) বিধিমতে টাইমস্কেলের নিম্নস্তরে নামিয়ে দেয়ার লঘু দণ্ড প্রদান করা হলো। একই সাথে জনাব বি, এম, সালাউদ্দিনকে প্রদত্ত সকল অগ্রিমের অর্থ আদায়/সমন্বয় এবং প্রযোজ্য ক্ষেত্রে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরকে নির্দেশ প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হেদায়েতুল্লাহ আল মামুন**
সচিব।

## প্রেস-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ২৩ জ্যৈষ্ঠ ১৪১৯/০৬ জুন ২০১২

**নং ১৫.০০.০০০০.০২০.২২.০০১.১১-২২৪**—'সাংবাদিক সহায়তা ভাতা/অনুদান নীতিমালা'-২০১২ এর আওতায় মহানগর এলাকার অসচ্ছল সাংবাদিকদের আবেদনসমূহ বাছাইয়ের জন্য নিম্নোক্তভাবে 'মহানগর কমিটি' গঠন করা হলো ঃ

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, ঢাকা।

**সদস্য-বৃন্দ**

(২) জনাব মোঃ জাকির হোসেন, উপ-প্রধান তথ্য অফিসার (প্রেস), পিআইডি।

(৩) জনাব নারায়ণ চন্দ্র শীল, উপ-মহাপরিচালক (বার্তা) (চলতি দায়িত্ব), বেতার।

(৪) উপ-মহাপরিচালক (বার্তা), বিটিভি।

(৫) জনাব আশেকুন্নবী চৌধুরী, বিশেষ সংবাদদাতা, বাসস।

(৬) হোসনেআরা বেগম, পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর।

(৭) জনাব সাইফুল ইসলাম তালুকদার, যুগ্ম-মহাসচিব, বিএফইউজে।

(৮) জনাব খায়রুজ্জামান কামাল, নির্বাহী পরিষদ সদস্য, বিএফইউজে।

(৯) জনাব আবদুল মজিদ, যুগ্ম-সাধারণ সম্পাদক, ঢাকা সাংবাদিক ইউনিয়ন।

(১০) জনাব সোহেল হায়দার চৌধুরী, সাংগঠনিক সম্পাদক, ঢাকা সাংবাদিক ইউনিয়ন।

**সদস্য-সচিব**

(১১) উপ-সচিব (প্রেস), তথ্য মন্ত্রণালয়, ঢাকা।

**কার্যপরিধি ঃ**

(ক) ঢাকা মহানগর এলাকার অসচ্ছল সাংবাদিকদের আবেদনসমূহ বাছাই।

(খ) কমিটির মেয়াদকাল প্রথম অনুষ্ঠিত সভার তারিখ থেকে ২ (দুই) বছর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ লাইসুর রহমান**
সিনিয়র সহকারী সচিব।

**চলচ্চিত্র শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩১ আষাঢ় ১৪১৯/১৫ জুলাই ২০১২

**নং ১৫.০০.০০০০.০২৭.২৩.০০৪.১২-৪৩১**—২০১১ সালের জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদানের উদ্দেশ্যে ২০১১ সালের চলচ্চিত্রগুলো মূল্যায়ন করে পুরস্কার প্রাপকদের নাম সুপারিশ প্রদান করার জন্য সরকার নিম্নলিখিত সদস্যদের সমন্বয়ে জুরি বোর্ড গঠন করলেন ঃ

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, ঢাকা।

**সদস্য-বৃন্দ**

(২) যুগ্ম-সচিব (উন্নয়ন), তথ্য মন্ত্রণালয়, ঢাকা।

(৩) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, ঢাকা।

(৪) সৈয়দ হাসান ইমাম, চলচ্চিত্র অভিনেতা, ফ্ল্যাট-১, এ/১, নাভানা বানু গার্ডেন, ১১৫ বড় মগবাজার (কাজী অফিসের গলি), ঢাকা-১২১৭।

(৫) জনাব সুজেয় শ্যাম, সঙ্গীত পরিচালক, আশু (৩য় তলা), ৬৪ ব্লক-এ, লেন-৬, মিরপুর, পল্লবি-১২, ঢাকা।

(৬) জনাব আকবর হোসেন পাঠান (ফারুক), চলচ্চিত্র অভিনেতা, সেক্টর-৭, রোড নং-২০, বাড়ি নং-৮, উত্তরা, ঢাকা।

(৭) জনাব এম এ আলমগীর, চলচ্চিত্র অভিনেতা, ড্রীম, ২/৪, ব্লক-এ, মোহাম্মদপুর হাউজিং, মিরপুর রোড, ঢাকা।

(৮) সুবর্ণা মুস্তাফা, অভিনেত্রী, হাউজ নং ৩, রোড নং ৩/এ, ফ্ল্যাট নং ১ ও ২, সেক্টর ৫, উত্তরা, ঢাকা।

(৯) জনাব তানভীর মোকাম্মেল, চলচ্চিত্র পরিচালক, ফ্লাট-৫, সি-১, বাড়ী-১৫, রোড-১০, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৫।

(১০) জনাব অনুপম হায়াত, চলচ্চিত্র গবেষক, সমালোচক ও সাংবাদিক।

(১১) জনাব সাদি মহম্মদ, সংগীত শিল্পী, ১২/১০, তাজমহল রোড, ব্লক-সি, মোহাম্মদপুর, ঢাকা।

(১২) জনাব আবদুল লতিফ বাচ্চু, সভাপতি, বাংলাদেশ চলচ্চিত্র গ্রাহক সংস্থা, তেজগাঁও, ঢাকা।

**সদস্য-সচিব**

(১৩) ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড।

২। **জুরি বোর্ডের কার্যপরিধি (Terms of Reference) ঃ**

(১) জাতীয় চলচ্চিত্র পুরস্কারের সুপারিশ প্রণয়নের জন্য জুরি বোর্ড নিম্নোক্ত নীতিমালা অনুসরণ করবে ঃ

(ক) কেবলমাত্র বাংলাদেশী নাগরিক এই পুরস্কারের জন্য যোগ্য বিবেচিত হবেন;

(খ) জাতীয় চলচ্চিত্র পুরস্কারের বিবেচনাযোগ্য চলচ্চিত্র অবশ্যই বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের ছাড়পত্রপ্রাপ্ত ও ২০১১ সালে প্রেক্ষাগৃহে মুক্তিপ্রাপ্ত হতে হবে;

(গ) পুরস্কারযোগ্য প্রতিটি শাখা গুণগত ও শৈল্পিক মানের শ্রেষ্ঠত্বের ভিত্তিতে পুরস্কারের জন্য বিবেচিত হবে;

(ঘ) দেশীয় সামাজিক প্রেক্ষাপট, পরিচালকের মৌলিকত্ব ও সৃজনশীলতার স্বাক্ষর বহনকারী চলচ্চিত্র পুরস্কারের জন্য বিবেচিত হবে;

(ঙ) জুরি বোর্ডের বিবেচনার জন্য জমাকৃত চলচ্চিত্রে প্রতিটি নৃত্যের জন্য পৃথকভাবে নৃত্য পরিচালকের নাম উল্লেখ করতে হবে;

(চ) যৌথ প্রযোজনায় নির্মিত চলচ্চিত্র ও পুরস্কারের জন্য বিবেচিত হবে;

(ছ) দেশীয় বা বিদেশী লেখক/প্রকাশকের অনুমতি (কপিরাইট) সম্বলিত/আহরিত চলচ্চিত্র জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য বিবেচিত হবে;

(জ) কপিরাইট চলচ্চিত্রের কাহিনী পুরস্কারের জন্য বিবেচিত হবে না;

(ঝ) রিমেক (Remake) চলচ্চিত্রের কাহিনী পুরস্কারের জন্য বিবেচিত হবে না; এবং

(ঞ) জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য অংশগ্রহণকারী চলচ্চিত্রে সেন্সরবিহীন কোন দৃশ্য সংযোজন বা বিয়োজন করা হয়েছে বলে প্রমাণিত হলে সে চলচ্চিত্র পুরস্কারের জন্য বিবেচিত হবে না।

৩। **নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহ পুরস্কার প্রদানের জন্য বিবেচিত হবে ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | আজীবন সম্মাননা | (২) | চলচ্চিত্র<br>(ক) শ্রেষ্ঠ চলচ্চিত্র।<br>(খ) শ্রেষ্ঠ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র।<br>(গ) শ্রেষ্ঠ প্রামাণ্য চলচ্চিত্র। |
| (৩) | পরিচালক<br>(ক) শ্রেষ্ঠ চলচ্চিত্র পরিচালক।<br>(খ) শ্রেষ্ঠ সঙ্গীত পরিচালক।<br>(গ) শ্রেষ্ঠ নৃত্য পরিচালক। | (৪) | অভিনেতা<br>(ক) প্রধান চরিত্রে শ্রেষ্ঠ অভিনেতা।<br>(খ) পার্শ্ব চরিত্রে অভিনেতা।<br>(গ) খল চরিত্রে শ্রেষ্ঠ অভিনেতা।<br>(ঘ) শ্রেষ্ঠ কৌতুক চরিত্রে অভিনেতা। |
| (৫) | অভিনেত্রী<br>(ক) প্রধান চরিত্রে শ্রেষ্ঠ অভিনেত্রী।<br>(খ) পার্শ্ব চরিত্রে শ্রেষ্ঠ অভিনেত্রী। | (৬) | শিশু শিল্পী<br>(ক) শ্রেষ্ঠ শিশু শিল্পী।<br>(খ) শিশু শিল্পী শাখায় বিশেষ পুরস্কার। |
| (৭) | কাহিনী/চিত্রনাট্য/সংলাপ<br>(ক) শ্রেষ্ঠ কাহিনীকার।<br>(খ) শ্রেষ্ঠ চিত্র নাট্যকার।<br>(গ) শ্রেষ্ঠ সংলাপ রচয়িতা। | (৮) | সঙ্গীত<br>(ক) শ্রেষ্ঠ গায়ক।<br>(খ) শ্রেষ্ঠ গায়িকা।<br>(গ) শ্রেষ্ঠ গীতিকার।<br>(ঘ) শ্রেষ্ঠ সুরকার। |
| (৯) | চিত্র ও শব্দ গ্রাহক<br>(ক) শ্রেষ্ঠ চিত্র গ্রাহক।<br>(খ) শ্রেষ্ঠ শব্দ গ্রাহক। | (১০) | সম্পাদক/নির্দেশক<br>(ক) শ্রেষ্ঠ সম্পাদক।<br>(খ) শ্রেষ্ঠ শিল্প নির্দেশক। |
| (১১) | মেকাপম্যান<br>(ক) শ্রেষ্ঠ মেকাপম্যান। | (১২) | পোষাক ও সাজ-সজ্জা<br>(ক) শ্রেষ্ঠ পোষাক ও সাজ-সজ্জা। |

৪। বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড জুরি বোর্ড-কে সকল প্রকার সাচিবিক সহায়তা প্রদান করবে।

৫। এ জুরি বোর্ড আগামী ৩০ সেপ্টেম্বর ২০১২ তারিখের মধ্যে সরকারের নিকট ২০১১ সালের সংশ্লিষ্ট চলচ্চিত্রের ক্ষেত্রে বর্ণিত ক্যাটাগরিতে পুরস্কার পাওয়ার যোগ্যতা বিবেচনা করে পুরস্কারের প্রতিটি শাখার জন্য একজন মুখ্য এবং একজন বিকল্প শিল্পী/কলাকুশলীর নাম সুপারিশ করবে এবং সুপারিশকৃত শিল্পী ও কলাকুশলীদের সংক্ষিপ্ত পরিচয় ও কর্মের বিবরণ দাখিল করবে। কোন শাখায় উপযুক্ত শিল্পী/কলাকুশলী না পাওয়া গেলে জুরি বোর্ড তা সুপারিশে উল্লেখ করবে। জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি পুরস্কারপ্রাপ্ত শিল্পী/কলাকুশলীদের নাম চূড়ান্ত করবে।

৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস, এম, হারুন-অর-রশীদ**
যুগ্ম-সচিব (উন্নয়ন)।

**[একই নম্বর ও তারিখের প্রতিস্থাপন]**

**পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ**

**প্রশাসন-০৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৪ জ্যৈষ্ঠ ১৪১৯/২৮ মে ২০১২

**নং ৫২.০০৭.০২৮.০০.০০.৩৫৩.২০০৭-৯০৫**—আদিষ্ট হয়ে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সদর দপ্তর, বিভাগ, জেলা, উপজেলা ও থানা পর্যায়ে সুপারিশকৃত ৫৩৯টি পদ ৩১-৫-২০১২ তারিখ পর্যন্ত অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনের মঞ্জুরী জ্ঞাপন করছি। পদের নাম, পদ সংখ্যা ও বেতনক্রম নিম্নে প্রদত্ত হল ঃ

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | বেতনস্কেল (অর্থ বিভাগে বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারিত) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | যুগ্ম-পরিচালক | ০২ | ২২২৫০—৩১২৫০ | - |
| (২) | সিনিয়র সিস্টেম এনালিস্ট | ০১ | ২৫৭৫০—৩৩৭৫০ | - |
| (৩) | সহঃ মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | ০১ | ১১০০০—২০৩৭০ | - |
| (৪) | সহকারী প্রোগ্রামার | ০৬ | ১১০০০—২০৩৭০ | - |
| (৫) | ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার | ০২ | ৮০০০—১৬৫৪০ | - |
| (৬) | পরিসংখ্যান তদন্তকারী | ১৯১ | ৫৯০০—১৩১২৫ | - |
| (৭) | থানা পরিসংখ্যানবিদ | ৪৬ | ৫৯০০—১৩১২৫ | - |
| (৮) | প্রধান সহকারী | ০১ | ৫৫০০—১২০৯৫ | - |
| (৯) | উচ্চমান সহকারী | ৩৬ | ৫২০০—১১২৩৫ | - |
| (১০) | গাড়ীচালক | ৬৫ | - | পদটি সরকার কর্তৃক প্রণীত আউট সোর্সিং নীতিমালা অনুসরণ করতে হবে। |
| (১১) | সিনিয়র ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর | ০৪ | ৬৪০০—১৪২৫০ | - |
| (১২) | কম্পিউটার মুদ্রাক্ষরিক | ২৩ | ৪৭০০—৯৭৪৫ | - |
| (১৩) | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১৪ | ৪৭০০—৯৭৪৫ | - |
| (১৪) | সহকারী স্টোর কিপার | ০১ | ৪৫০০—৯০৯৫ | - |
| (১৫) | চেইনম্যান | ৫২ | - | পদগুলো সরকার কর্তৃক প্রণীত আউট সোর্সিং নীতিমালা অনুসরণ করতে হবে। |
| (১৬) | এমএলএসএস | ২৩ | - | |
| (১৭) | নাইট গার্ড | ৭১ | - | |

সর্বমোট নবসৃষ্ট পদ= ৫৩৯ টি

২। ২০১১-২০১২ অর্থ বছর বাজেট খাত থেকে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর উক্ত নবসৃষ্ট পদগুলোর ব্যয় নির্বাহ হবে।

**জাহাঙ্গীর হোসেন চৌধুরী**
উপ-সচিব।

**[একই নম্বর ও তারিখের প্রতিস্থাপন]**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৪ জ্যৈষ্ঠ ১৪১৯/২৮ মে ২০১২

**নং ৫২.০০৭.০২৮.০০.০০.৩৫৩.২০০৭-৯০৮**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০-০২-২০১১ তারিখের নং ০৫.১৫৩.০১৫.০৫.০১.০০৬. ২০০৯-২৬ সংখ্যক স্মারকে বর্ণিত সম্মতি ও অর্থ বিভাগ, ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ ০৩-০১-২০১২ তারিখের অম/অবি/ ব্যনি-২/পকবি-৪/২০০৯/০৩ সংখ্যক স্মারকের সম্মতির প্রেক্ষিতে এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশ অনুযায়ী ৪৮৩টি উপজেলায় ২৪১৫টি পদ নিম্নোক্তভাবে বিবিএস এর আওতাধীন উপজেলা কার্যালয় (প্রতি উপজেলায়) পর্যায়ে পুনঃবিন্যাসের মঞ্জুরী জ্ঞাপন করছি ঃ

**উপজেলা কার্যালয় (প্রতি উপজেলায়)**

| ক্রমিক নং | পদের নাম | বেতনস্কেল ২০০৯ অনুযায়ী | বিদ্যমান পদের সংখ্যা | পদের সংখ্যা | পদের শ্রেণী | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | পরিসংখ্যান কর্মকর্তা | ১১০০০—২০৩৭০ | - | ১ | ১ম শ্রেণী | উপজেলা পর্যায়ে ২য় শ্রেণীর উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার ২৮২টি শূন্য পদের বিপরীতে ১ম শ্রেণীর ক্যাডার পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। |
| | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | ৮০০০—১৬৫৪০ | ১ | - | ২য় শ্রেণী | বর্তমানে উক্ত পদে কর্মরত ১৯৫টি উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার পদোন্নতি/পদত্যাগ/অবসর/মৃত্যু বা অন্য কোন কারণে শূন্য হলে পর্যায়ক্রমে বিলুপ্ত করে ১ম শ্রেণীর পদ সৃজন করা হবে। উভয় ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ ও প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সম্মতি রয়েছে। |
| (২) | পরিসংখ্যান তদন্তকারী | ৫৯০০—১৩১২৫ | - | ১ | ৩য় শ্রেণী | |
| (৩) | কনিষ্ঠ পরিসংখ্যান সহকারী | ৫৫০০—১২০৯৫ | ২ | ২ | ৩য় শ্রেণী | |
| (৪) | চেইনম্যান | ৪১০০—৭৭৪০ | ১ | ১ | - | পদগুলো সরকার কর্তৃক প্রণীত আউট সোর্সিং নীতিমালা অনুসরণ করতে হবে। |
| | মোট= | | ৪ | ৫ | | |
| | | | | ৪৮৩ টি উপজেলায় মোট ৪৮৩×৫ =২৪১৫টি | ১ম শ্রেণী=১টি<br>৩য় শ্রেণী=৩টি<br>৪র্থ শ্রেণী=১টি | |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হল।

**জাহাঙ্গীর হোসেন চৌধুরী**
উপ-সচিব।

---

**[একই নম্বর ও তারিখে স্থলাভিষিক্ত হবে]**

**বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ**
**প্রশাসন-২ অধিশাখা**

**অফিস আদেশ**

তারিখ, ১১ জানুয়ারি ২০১২

**নং ২৮.০১২.০২৭.০৫.০০.০২৬.১৯৯৮-১০**—জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের অধীনস্থ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)'র উপ-পরিচালক জনাব এস, এম, হাবিবুর রহমান ১৯২৩ সালের অফিসিয়াল সিক্রেট এ্যাক্ট এর ৩, ৫ ও ৯ ধারা ভঙ্গ করার অপরাধে পুলিশ কর্তৃক গ্রেফতার হওয়ায় বিএসআর রুল-৭৩ এর নোট-২ অনুযায়ী এ মন্ত্রণালয়ের ০৯-০২-১৯৯৩ তারিখের অফিস আদেশ নং-বিজ্বাখস-২/জিএসবি-৪৮/৯২/২৬ মূলে চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। গ্রেফতারের পর তাঁর বিরুদ্ধে রমনা থানায় মামলা নং-৮৭(১)৯৩, তারিখ ৩০-০১-১৯৯৩ রুজু করা হয়। পরবর্তীতে বিজ্ঞ এডিশনাল চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ঢাকা ০৮-০৩-২০১১ তারিখের আদেশবলে ফৌজদারী কার্যবিধি ১৮৯৮ এর ৪৯৪ ধারায় উক্ত মামলার অভিযোগ হতে জনাব এস, এম, হাবিবুর রহমানকে অব্যাহতি প্রদান করে।

২। বিজ্ঞ আদালতের উক্ত আদেশের প্রেক্ষিতে এ মন্ত্রণালয়ের ০৯-০২-১৯৯৩ সালের স্মারক নং-বিজ্বাখস-২/জিএসবি-৪৮/৯২/ ২৬ অফিস আদেশের মাধ্যমে জারীকৃত জনাব এস, এম, হাবিবুর রহমান এর সাময়িক বরখাস্ত আদেশটি এতদ্বারা প্রত্যাহার করা হ'ল। তাঁর বরখাস্তকালীন অনুপস্থিতির সময় সকল কর্মকালীন সময় হিসেবে গণ্য হবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**সালমা আখতার জাহান**
উপ-সচিব।

## বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ০৪ জুন ২০১২

**নং ৩৯.০০৯.০০৬.০১.০০.০৪২.২০১২-২০১৩/২৯৪**—নির্দেশক্রমে ২০১২-২০১৩ অর্থ বছরের "বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচীর" আওতায় বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্প বাছাই এবং পর্যালোচনান্তে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে নিম্নবর্ণিত বিশেষজ্ঞ-বিজ্ঞানী/ গবেষক/ কর্মকর্তাদের সমন্বয়ে Peer Review Committee on Engineering & Applied Siences (EAS) গঠন করা হলো ঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | অধ্যাপক ড. মোঃ খায়রুল আলম খান | উপাচার্য, গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ | আহ্বায়ক |
| (২) | অধ্যাপক ড. প্রান কানাই সাহা | তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| (৩) | অধ্যাপক ড. মোঃ শামসুদ্দীন | ফুড টেকনোলজি ও গ্রামীণ শিল্প বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ | সদস্য |
| (৪) | প্রকৌশলী আলী জুলকারনাইন | পরিচালক, রমু, পশগপ্র, সাভার | সদস্য |
| (৫) | অধ্যাপক ড. আবুল হোসেন | পদার্থ বিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা | সদস্য |
| (৬) | অধ্যাপক ড. মোহাম্মদ আলাউদ্দিন | মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর | সদস্য |
| (৭) | সংশ্লিষ্ট উপ-সচিব/শাখা কর্মকর্তা | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য-সচিব |

২। কর্মপরিধি ঃ Guidelines for Different Programmes under Speecial Allocation for Science & Technology (Revised in March 2012) অনুযায়ী বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্পসমূহ পর্যালোচনা, বাছাই ও অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান করা।

৩। গাইড লাইন অনুযায়ী Peer Review Committee'র আহবায়ক/সদস্য কোন প্রকল্প দাখিল করতে পারবেন না।

৪। সদস্য-সচিব সভা আহবান, সভার কার্যবিবরণী প্রস্তুত ও অন্যান্য প্রয়োজনীয় কার্যাদি সম্পন্ন করবেন।

৫। Peer Review Committee'র সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

**নং ৩৯.০০৯.০০৬.০১.০০.০৪২.২০১২-২০১৩/২৯৫**—নির্দেশক্রমে ২০১২-২০১৩ অর্থ বছরের "বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচীর" আওতায় বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্প বাছাই এবং পর্যালোচনান্তে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে নিম্নবর্ণিত বিশেষজ্ঞ-বিজ্ঞানী/গবেষক/কর্মকর্তাদের সমন্বয়ে Peer Review Committee on Information and Communication Technology (ICT) গঠন করা হলো ঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| (১) | অধ্যাপক ড. হাফিজ মাহমুদ হাছান বাবু | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | আহ্বায়ক |
| (২) | অধ্যাপক ড. মুনাজ আহমেদ নুর সহযোগী অধ্যাপক | পুরকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| (৩) | অধ্যাপক মোঃ মমিনুল হক | কম্পিউটার সায়েন্স অ্যান্ড ম্যাথমেটিক্স বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ | সদস্য |

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| (৪) | অধ্যাপক ড. জাহিদুর রহমান | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা | সদস্য |
| (৫) | অধ্যাপক ড. মোঃ বশির উদ্দিন | ই.ই.ই, ইঞ্জিনিয়ারিং বিভাগ, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর | সদস্য |
| (৬) | সংশ্লিষ্ট উপ-সচিব/শাখা কর্মকর্তা | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য-সচিব |

২। কর্মপরিধি ঃ Guidelines for Different Programmes under Speecial Allocation for Science & Technology (Revised in March 2012) অনুযায়ী বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্পসমূহ পর্যালোচনা, বাছাই ও অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান করা।

৩। গাইড লাইন অনুযায়ী Peer Review Committee'র আহবায়ক/সদস্য কোন প্রকল্প দাখিল করতে পারবেন না।

৪। সদস্য-সচিব সভা আহবান, সভার কার্যবিবরণী প্রস্তুত ও অন্যান্য প্রয়োজনীয় কার্যাদি সম্পন্ন করবেন।

৫। Peer Review Committee'র সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

**মুঃ হুমায়ুন কবীর লস্কর**
উপ-সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**

**শাখা-২**

তারিখ, ১৪ আষাঢ় ১৪১৯/২৮ জুন ২০১২

**নং ৩১.০৩৬.০৩৩.০০.০০.০৬৭.২০১০-৪৬৪(৩৭)**—ভূমি মন্ত্রণালয়ের ১৫-০৫-২০১১ তারিখের ৩১.০৩৬.০৩৩.০০.০০.০৬৭. ২০১০-২৬৫ সরকারি আদেশে সৃষ্টিকৃত ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের অধীন ০৯ (নয়) টি জোনাল সেটেলমেন্ট অফিস (দিনাজপুর, রাজশাহী, কুষ্টিয়া, পাবনা, ময়মনসিংহ, জামালপুর, ঢাকা, পটুয়াখালী ও চট্টগ্রাম) এবং এর আওতাধীন ২০০ (দুইশত) টি উপজেলা সেটেলমেন্ট অফিসের জন্য নিম্নেবর্ণিত ২৪৮১ টি অস্থায়ী পদের মেয়াদ ভূতাপেক্ষভাবে ০১-০৬-২০১২ তারিখ হতে ৩১-০৫-২০১৩ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো ঃ

**জোনাল সেটেলমেন্ট অফিস ০৯ (নয়) টি ঃ**

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | জাতীয় বেতনস্কেল-২০০৯ | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | সেটেলমেন্ট অফিসার | ০৯ টি | | উপ-সচিব মর্যাদার কর্মকর্তা দ্বারা পদ পূরণযোগ্য বিধায় পদধারী নিজ বেতনস্কেল প্রাপ্য হবেন। |
| (২) | চার্জ অফিসার | ০৯ টি | | সিনিয়র সহকারী সচিব/সিলেকশন গ্রেডপ্রাপ্ত পর্যায়ের কর্মকর্তা দ্বারা পদ পূরণযোগ্য বিধায় পদধারী নিজ বেতনস্কেল প্রাপ্য হবেন। |
| (৩) | কারিগরী উপদেষ্টা (সিনিয়র কানুনগো) | ০৯ টি | ৮০০০—১৬৫৪০ (১০ম গ্রেড) | |
| (৪) | প্রধান সহকারী-কাম হিসাব রক্ষক | ০৯ টি | ৫২০০—১১২৩৫ (১৪নং গ্রেড) | |
| (৫) | নাজির-কাম-ক্যাশিয়ার | ০৯ টি | ৪৭০০—৯৭৪৫ (১৬ নং গ্রেড) | |
| (৬) | অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক | ০৯ টি | ৪৭০০—৯৭৪৫ (১৬ নং গ্রেড) | |
| (৭) | পেশকার | ০৯ টি | ৪৭০০—৯৭৪৫ (১৬ নং গ্রেড) | |
| (৮) | ড্রাইভার | ০৯ টি | -- | Out sourcing |
| (৯) | এম,এল,এস,এস | ০৯ টি | -- | Out sourcing |
| | মোট= | ৮১ টি | | |

**উপজেলা সেটেলমেন্ট অফিস ২০০ (দুইশত) টি ঃ**

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | জাতীয় বেতনস্কেল-২০০৯ | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | সহকারী সেটেলমেন্ট অফিসার | ২০০ টি | ৮০০০—১৬৫৪০ (১০ম গ্রেড) | |
| (২) | উপ-সহকারী সেটেলমেন্ট অফিসার (কানুনগো) | ২০০ টি | ৮০০০—১৬৫৪০ (১০ম গ্রেড) | |
| (৩) | সার্ভেয়ার | ২০০ টি | ৫২০০—১১২৩৫ (১৪নং গ্রেড) | |
| (৪) | ড্রাফটসম্যান-কাম-এরিয়া এস্টিমেটর-কাম-সিট কিপার | ২০০ টি | ৪৯০০—১০৪৫০ (১৫নং গ্রেড) | |
| (৫) | পেশকার | ২০০ টি | ৪৭০০—৯৭৪৫ (১৬ নং গ্রেড) | |
| (৬) | কপিস্ট-কাম-বেঞ্চ সহকারী | ২০০ টি | ৪৭০০—৯৭৪৫ (১৬ নং গ্রেড) | |
| (৭) | রেকর্ড কিপার | ২০০ টি | ৪৭০০—৯৭৪৫ (১৬ নং গ্রেড) | |
| (৮) | খারিজ সহকারী | ২০০ টি | ৪৭০০—৯৭৪৫ (১৬ নং গ্রেড) | |
| (৯) | যাঁচ মোহরার | ২০০ টি | ৪৭০০—৯৭৪৫ (১৬ নং গ্রেড) | |
| (১০) | প্রসেস সার্ভার | ২০০ টি | -- | Out sourcing |
| (১১) | এম,এল,এস,এস | ২০০ টি | -- | Out sourcing |
| (১২) | চেইনম্যান | ২০০ টি | -- | Out sourcing |
| | মোট= | ২৪০০ টি | | |
| | সর্বমোট= | ২৪৮১ টি | | |

২। উক্ত পদগুলির বেতন-ভাতাদি ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের হিসাবের খাত কোড নং-৩-৪৬৩৭-০০১০ সেটেলমেন্ট অপারেশন ৪৫০১ ও ৪৬০১ এর বেতন খাত হতে মিটানো হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের সদয় সম্মতিক্রমে উল্লিখিত পদসমূহের মেয়াদ বৃদ্ধির আদেশ জারী করা হলো।

**মুর্শিদা শারমিন**
সিনিয়র সহকারী সচিব।

---

**শাখা-১**

**ঘ-ফরম (সংশোধিত)**

**এল, এ, কেস নং ৬৮/৬১-৬২**

**[ সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ ]**

তারিখ, ২৭ জুন ২০১২

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০৮৫.১২-২৬৩**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ২৪-০৫-১৯৬২ ইং তারিখের আদেশ দ্বারা অধিগ্রহণ করা হইয়াছে ; এবং

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল ঃ

**তফসিল**

জেলা রাজবাড়ী, উপজেলা রাজবাড়ী সদর, মৌজা ভবানীপুর, জে, এল, নং ২০।

| খতিয়ান নং (আর,এস) | দাগ নং (আর,এস) | দাগে মোট জমি (একরে) | অধিগ্রহণকৃত জমি (একরে) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ২৪৯ | ৯৩৩ | ০.১৯ | ০.১৯ |
| ২৩৫ | ৯৩৪ | ০.১৭ | ০.১৭ |
| ২৩৫ | ৯৩৮ | ০.০৭ | ০.০৭ |
| ২৪৯ | ৯৪১ | ০.০৮ | ০.০৮ |
| ২৩৫ | ৯৪২ | ০.০৯ | ০.০৯ |

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| ২৫৬ | ৯৪৪ | ০.১৮ | ০.১৮ |
| ২৪৯ | ৯৪৫ | ০.২৯ | ০.২৯ |
| ২৬১ | ৯৪৭ | ০.১৮ | ০.১৮ |
| ২৫৪ | ৯৫০ | ০.১১ | ০.১১ |
| ২৫৩ | ৯৫১ | ১.৮০ | ১.৪৭ |
| ২৪৮ | ৯৫২ | ০.৪৭ | ০.৪৭ |
| ২৬৭ | ৯৫৪ | ০.১১ | ০.১১ |
| ২৬৬ | ৯৫৫ | ০.১১ | ০.১১ |
| ২৫৬ | ৯৫৬ | ০.১৫ | ০.১৫ |
| ২৬২, ২৬৪ | ১১৮৮ | ০.৫১ | ০.৫১ |
| ৬৬১ | ৯৫৩ | ০.২১ | ০.২১ |
| ২৬২, ২৬৪ | ১২২৯ | ০.২৬ | ০.২৬ |
| ২৬২, ২৬৪ | ১২৩০ | ০.১০ | ০.১০ |
| ৩৮৪ | ৯১৩ | ০.৩০ | ০.০৮ |
| ২৬ | ৯১৪ | ০.২৪ | ০.০৭ |
| ৭৮ | ৯০৬ | ১.৮৮ | ০.১৯ |
| ২৩৫ | ৯৩০ | ০.১৯ | ০.০২ |
| ২৩৭ | ৯২৩ | ০.১৫ | ০.০৩ |
| ২৩২ | ৯২৪ | ০.১৬ | ০.০৩ |
| ২৩৬ | ৯২৭ | ০.১৭ | ০.০৩ |
| ২৫৮ | ৯২৮ | ০.১৩ | ০.০২ |
| ৬০৫ | ৯৭৪ | ০.৩২ | ০.০৩ |
| ৬১২ | ৯৭৫ | ০.৫৩ | ০.০৪ |
| ১৪৮ | ৯৭৬ | ০.৮৩ | ০.০৯ |
| ৬১২ | ৯৭৭ | ০.৮৫ | ০.১২ |
| ৬০৫ | ৯৮০ | ০.৫৫ | ০.০৭ |
| ৪ | ৯৮১ | ০.৫৭ | ০.০৬ |

মোট=৫.৬৩ একর।

জেলা রাজবাড়ী, উপজেলা রাজবাড়ী সদর, মৌজা সজ্জনকান্দা, জে, এল, নং ১১০।

| | | | |
|---|---|---|---|
| ৭৪৭ | ১৩৪ | ০.৭৬ | ০.৭৬ |

২টি মৌজায় সর্বমোট ৫.৬৩+০.৭৬=৬.৩৯ একর।
(ছয় দশমিক তিন নয়)

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আলিয়া মেহের**
সহকারী সচিব।

## যোগাযোগ মন্ত্রণালয়
## সড়ক বিভাগ
### সওজ গেজেটেড সংস্থাপন শাখা
### প্রজ্ঞাপন

তারিখ, ০৫ জুলাই ২০১২

**নং ৩৫.০২২.০১৫.০০.০০.০০৪.২০০৪-৩৬০**—জনাব মোঃ মাহবুবুল আলম (পরিচিতি নম্বর ০০০৩০০৩), প্রকল্প পরিচালক, [অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃদাঃ)], আরএনআইএমপি-১, সড়ক ও জনপথ অধিদপ্তর-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমাল, ১৯৮৫ এর ১১ (১) বিধি মোতাবেক চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

২। সাময়িক বরখাস্তকালীন সময়ে জনাব মোঃ মাহবুবুল আলম সড়ক ও জনপথ অধিদপ্তর-এর প্রধান কার্যালয়ে সংযুক্ত থাকবেন এবং প্রচলিত বিধি মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হল এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এ, এন, ছিদ্দিক**
ভারপ্রাপ্ত সচিব।

---

## যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
### প্রজ্ঞাপন

তারিখ, ১৫ জুলাই ২০১২

**নং যুক্রীম/যুব-১/অভিযোগ-১/২০১১-৩২৯**—যেহেতু জনাব মোঃ ফজলুল হক, সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয় এর বিরুদ্ধে ঢাকা নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে ৩৬/২০০৫ নং মামলা বিচারাধীন আছে;

যেহেতু তিনি গত ১৭-০৮-০৫ তারিখ আদালতে আত্মসমর্পণপূর্বক জামিনে রয়েছেন;

যেহেতু জনপ্রশাসন মন্ত্রণালয়ের জারীকৃত অফিস স্মারক নং-ED (Reg-VI)S-123/78-115(500), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ মোতাবেক তিনি চাকুরি থেকে সাময়িকভাবে বরখাস্তযোগ্য;

সেহেতু, জনাব মোঃ ফজলুল হক, সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়কে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল। সাময়িকভাবে বরখাস্ত থাকাকালীন তিনি সরকারের প্রচলিত বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

কর্তৃপক্ষের আদেশক্রমে

**মোঃ মনিরুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২১ জ্যৈষ্ঠ ১৪১৯/4 জুন ২০১২

**নং প্রাগম/তঃশৃঃ/আপীল-৩/২০০৫/২৯১**—যেহেতু, জনাব নন্দ দুলাল পাল, উপজেলা শিক্ষা অফিসার (বরখাস্তকৃত), সদর, ভোলা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলার যাবতীয় প্রসিডিংস সম্পন্ন করে তাঁকে চাকুরী হতে বরখাস্ত করা হয়;

যেহেতু, তিনি উক্ত দণ্ডাদেশের বিরুদ্ধে প্রশাসনিক ট্রাইব্যুনাল, ঢাকায় এ.টি মামলা নং-৮৩/২০০৫ দায়ের করেন;

যেহেতু, উক্ত A.T. Case No.195 of 2005 (New)/83 of 2005 (old) মামলার রায় সরকারের বিপক্ষে হয়েছে;

সেহেতু, প্রশাসনিক ট্রাইব্যুনালের রায় অনুযায়ী জনাব নন্দ দুলাল পাল-কে চাকুরীতে পুনর্বহাল করা হ'ল এবং তিনি বরখাস্তকালীন সময়ের কোন বকেয়া বেতন-ভাতাদি পাবেন না।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ২৩ জ্যৈষ্ঠ ১৪১৯/৬ জুন ২০১২

**নং প্রাগম/তঃশৃঃ/বিমা-২৭/২০১০/২৯৪**—যেহেতু, জনাব ইন্দুভূষণ দেব, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) উপ-বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন; এবং

যেহেতু, তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলাটি অধিকতর তদন্তের জন্য ৩ (তিন) সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়; এবং

যেহেতু, তাঁর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) উপ-বিধি মোতাবেক বিভাগীয় মামলা চলার মত উপযুক্ত ভিত্তি নেই;

সেহেতু, জনাব ইন্দুভূষণ দেব, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(২)(এ) উপ-বিধি মোতাবেক বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হ'ল।

**নং প্রাগম/তঃশৃঃ/বিমা-৪১/২০১১/২৯৫**—যেহেতু, বেগম নায়লা ইয়াসমিন, শিক্ষা অফিসার, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (প্রাক্তন থানা শিক্ষা অফিসার, লালবাগ, ঢাকা)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) উপ-বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন; এবং

যেহেতু, তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলাটি অধিকতর তদন্তের জন্য ৩ (তিন) সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়; এবং

যেহেতু, তাঁর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা চলার মত উপযুক্ত ভিত্তি নেই;

সেহেতু, বেগম নায়লা ইয়াসমিন-কে প্রশাসনিক অদক্ষতার জন্য সতর্ক করা হ'ল এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(২)(এ) উপ-বিধি মোতাবেক বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এম, নিয়াজউদ্দিন**
ভারপ্রাপ্ত সচিব।

---

**শিল্প মন্ত্রণালয়**
**স্বশাসিত সংস্থা-বিসিক শাখা**

**আদেশ**

তারিখ, ২৭ আষাঢ় ১৪১৯/১১ জুলাই ২০১২

**নং ৩৬.০৬৫.০১৫.০০.০২.০০১.২০১০-২০০**—শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়িত "গ্রামীণ শিল্প উন্নয়ন (ডিআরআই)" ও "নকশাকেন্দ্র" শীর্ষক উপ-প্রকল্পদ্বয়ের রাজস্ব বাজেটে স্থানান্তরিত নিম্নবর্ণিত ২ (দুই) ক্যাটাগরির কর্মরত ৯ (নয়)টি অস্থায়ী পদ ০১-০৬-২০১২ তারিখ হতে স্থায়ীকরণের সরকারি আদেশ নির্দেশক্রমে জারি করছি ঃ

**ক) গ্রামীণ শিল্প উন্নয়ন (ডিআরআই) উপ-প্রকল্প ঃ**

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০০৫ অনুযায়ী) |
|---|---|---|---|
| (১) | সহকারী প্রকৌশলী | ০৮ (আট) টি | টাকা ৬৮০০—১৩০৯০ |

**ক) নকশাকেন্দ্র উপ-প্রকল্প ঃ**

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০০৫ অনুযায়ী) |
|---|---|---|---|
| (১) | ডার্করুম সহকারী | ০১ (এক) টি | টাকা ২৮৫০—৫৪১০ |
| | | মোট=০৯ (নয়) টি | |

২। পদ স্থায়ীকরণের এ সরকারি আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

**নিগার সুলতানা**
সিনিয়র সহকারী সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**আইন শাখা-১**
**প্রজ্ঞাপন**

তারিখ, ১৬ জুলাই ২০১২

**নং ৪৪.০০.০০০০.০৫৫.১০.০০১.১২-৯৭০**—গত ২১-০৫-২০১২ তারিখের আনুমানিক ১২.৩০ ঘটিকার সময় গোপন সংবাদের ভিত্তিতে সিপিসি-৩ র‍্যাব-৪ এ কর্মরত পিসি/১০৯৫০ মোঃ সোলায়মান আলী (আনসার) এর নেতৃত্বে একটি দল অভিযান চালিয়ে ভাষানটেক থানাধীন ধামালকোট এলাকায় ০২ জন ব্যক্তিকে নিষিদ্ধ ঘোষিত হিজবুত তাওহীদের লিফলেট ও ইসলাম সম্পর্কিত অপব্যাখ্যা সম্বলিত পুস্তক বিতরণসহ কথাবার্তা প্রচারকালে আসামী (১) মোঃ খোকন হাওলাদার (২২), পিতা মোঃ আবু হানিফ হাওলাদার, সাং-সাফরাল, থানা-উজিরপুর, জেলা-বরিশাল, এ/পি-ব্লক বি-৪/৩০, মিরপুর-১১, থানা পল্লবী, ঢাকা, (২) মোঃ শরীফ হোসেন (১৯), পিতা মোঃ মিজানুর রহমান, সাং-সিংগুল, থানা ঃ দাউদকান্দি, জেলা-কুমিল্লা, এপি-বাসা-২০, ব্লক-সি, রোড-০২, মিরপুর-১২, পল্লবী, ঢাকাদ্বয়কে গ্রেফতার করা হয়। প্রাথমিক তদন্তে আসামীদের বিরুদ্ধে ধারা ২৯৫-ক পেনাল কোডের অপরাধ সু-নির্দিষ্টভাবে প্রমাণিত হওয়ায় আসামীগণের বিরুদ্ধে দণ্ডবিধি ২৯৫-ক ধারায় ধর্মীয় অনুভুতিতে আঘাতের অভিযোগে রুজুকৃত মামলা রুজুর লক্ষ্যে ভারপ্রাপ্ত কর্মকর্তা, ভাষানটেক, ডিএমপি, ঢাকা'কে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার অধীন সরকারের অনুমোদন (Sanction) এতদ্দ্বারা প্রদান করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোহাম্মদ আবু সাঈদ মোল্লা**
সিনিয়র সহকারী সচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**(উন্নয়ন-১ শাখা)**
**প্রজ্ঞাপন**

তারিখ, ০২ জুলাই ২০১২

**নং ৪৬.০৬৭.০০৩.০০.০০.০৪২.২০১১-৪২১**—যেহেতু, জনাব মোঃ শিব্বির আহমেদ, উপজেলা প্রকৌশলী (চঃদাঃ), মুলাদী, বরিশাল হিসেবে (বেতনস্কেল ১১০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০ টাকা) কর্মরত থাকাকালীন বোরহানউদ্দিন-নাজিরপুর রাস্তার সেতু নির্মাণ এবং বোরহানগঞ্জ-শিকদারহাট-মনিরাম-মির্জাকালু সড়ক রক্ষণাবেক্ষণ কাজে দরপত্রে অনিয়মের মাধ্যমে অর্থ আত্মসাত করেছেন মর্মে আপনার বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছে;

যেহেতু, জনাব মোঃ শিব্বির আহমেদ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ), ৩(বি) ও ৩(ডি) বিধি অনুযায়ী অত্র বিভাগের ২৬-০৬-২০১১ তারিখের ৪৬.০৬৭.০০৩.০০.০০.০৪২.২০১১-৫২১ নম্বর স্মারক মাধ্যমে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় জনাব মোঃ শিব্বির আহমেদ এর দাখিলকৃত জবাব এবং ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলায় বর্ণিত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য পটুয়াখালী জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ নূরুল ইসলামকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ), ৩(বি) ও ৩(ডি) বিধিতে বর্ণিত অদক্ষতা, অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও যাবতীয় রেকর্ডপত্র পর্যালোচনান্তে জনাব মোঃ শিব্বির আহমেদকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(বি) বিধি মোতাবেক সরকারি চাকুরী হতে বাধ্যতামূলক অবসরদান করার গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়;

যেহেতু, জনাব মোঃ শিব্বির আহমেদকে চাকুরী হতে বাধ্যতামূলক অবসরদান করার গুরুদণ্ড আরোপের সিদ্ধান্তের প্রেক্ষিতে অত্র বিভাগের ১৯-০১-২০১২ তারিখের ৪৬.০৬৭.০০৩.০০.০০.০৪২.২০১১-৪৫ নম্বর স্মারক মাধ্যমে ২য় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, জনাব মোঃ শিব্বির আহমেদ কর্তৃক দাখিলকৃত দ্বিতীয় কারণ দর্শানো জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় স্থানীয় সরকার বিভাগের প্রশাসনিক সিদ্ধান্ত অনুযায়ী আপনাকে "চাকুরী থেকে বাধ্যতামূলক অবসরদান" করার গুরুদণ্ড আরোপের বিষয়ে অত্র বিভাগের ০২-০৪-২০১২ তারিখের ৪৬.০৬৭.০০৩.০০.০০.০৪৩.২০১১-২০৬ নম্বর স্মারক মাধ্যমে বাংলাদেশ সরকারি কর্মকমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্মকমিশন ২১-০৬-২০১২ তারিখের ৮০.১০১.০৩৪.০০.০০.০২৬.২০১২-১২৬৩ নম্বর স্মারক মাধ্যমে জনাব মোঃ শিব্বির আহমেদকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪ (৩) (বি) বিধি মোতাবেক চাকুরী থেকে বাধ্যতামূলক অবসরদানের কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে মতামত প্রদান করেছে;

সেহেতু, এক্ষণে, জনাব মোঃ শিব্বির আহমেদ, উপজেলা প্রকৌশলী (চঃদাঃ), মুলাদী, বরিশালকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(বি) বিধি মোতাবেক "চাকুরী থেকে বাধ্যতামূলক অবসরদান" করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু আলম মোঃ শহিদ খান**
সচিব।

## উপজেলা-২ শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ জুন ২০১২

**নং ৪৬.০৪৫.০২৭.১৮.০১.০০১.২০১১-৮২৭**—যেহেতু, সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মাহফুজা খাতুন-এর বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব দাখিল করা হয়েছে এবং উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩ক ধারা অনুযায়ী বিভাগীয় কমিশনার, রাজশাহী কর্তৃক অনাস্থার বিষয়ে কার্যক্রম শুরু করা হয়েছে;

যেহেতু, তাঁর দ্বারা উপজেলা পরিষদের চেয়ারম্যানের ক্ষমতা প্রয়োগ উপজেলা পরিষদের স্বার্থহানিকর এবং প্রশাসনিক দৃষ্টিকোণ হতে সমীচীন নয় মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে; এবং

যেহেতু, সরকার তাঁকে সাময়িকভাবে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [ উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত ]-এর ১৩খ ধারার (১) উপ-ধারা অনুযায়ী চৌহালী উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মাহফুজা খাতুনকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম কাজী এমদাদুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

## পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
## পরিকল্পনা ও উন্নয়ন শাখা-২

**প্রজ্ঞাপন**

তারিখ, ১১ জুলাই ২০১২

**নং ৪৭.০৩৮.০১৪.০৬১.০০০.০৪৫.২০১২-২০৯**—পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীন পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন "Safe Water Supply, Sanitation and Bio-gas Technology for Rural Livelihood Improvement in Climate Victim People of Bangladesh" শীর্ষক প্রকল্পটি সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে নিম্নরূপভাবে ১২ (বার) সদস্যবিশিষ্ট একটি প্রজেক্ট স্টিয়ারিং কমিটি (PSC) গঠন করা হল ঃ—

**সভাপতি**

(১) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

**সদস্যবৃন্দ**

(২) যুগ্ম-সচিব (উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

(৩) মহাপরিচালক, আরডিএ, বগুড়া

(৪) পরিবেশ ও বন মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি

(৫) পরিবেশ ও বন মন্ত্রণালয়ের ক্লাইমেট চেঞ্জ ইউনিটের একজন প্রতিনিধি

(৬) পরিকল্পনা কমিশনের কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগের একজন প্রতিনিধি

(৭) আইএমইডি'র একজন প্রতিনিধি

(৮) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি

(৯) উপ-সচিব (উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

(১০) উপ-প্রধান, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

(১১) সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

**সদস্য-সচিব**

(১২) প্রকল্প পরিচালক, "Safe Water Supply, Sanitation and Bio-gas Technology for Rural Livelihood Improvement in Climate Victim People of Bangladesh" শীর্ষক প্রকল্প, আরডিএ, বগুড়া।

**কমিটির কার্যপরিধি ঃ**

(ক) প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য নীতি নির্ধারণী বিষয় সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;

(খ) প্রকল্পের অগ্রগতি রিভিউ করা এবং প্রকল্প বাস্তবায়ন-কালে উদ্ভূত সমস্যা সমাধানের পথ প্রদর্শন করা;

(গ) কমিটি অন্তত প্রতি ছয় মাসে একবার সভা করবে;

(ঘ) কমিটি প্রয়োজনবোধে প্রকল্প সংশ্লিষ্ট যে কোন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার প্রতিনিধিকে কমিটিতে কো-অপ্ট করতে পারবে; এবং

(ঙ) বিবিধ।

**বিপিন চন্দ্র বিশ্বাস**
সহকারী সচিব।

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ পৌষ ১৪১৯বঙ্গাব্দ/৩০ ডিসেম্বর ২০১২ খ্রিস্টাব্দ

**নং প্রম/ডি-১৯/পেন-৮/২০১০/২১০।**—সরকার সেনা, নৌ ও বিমানবাহিনীর অবসর প্রস্তুতিমূলক ছুটি (LPR) ভোগরত মুক্তিযোদ্ধা অফিসার, জেসিও এবং অন্যান্য পদবীর ব্যক্তিবর্গকে (নামের তালিকা সংযুক্ত) চাকুরিতে পুনর্বহাল ব্যতিরেকে অবসর প্রস্তুতিমূলক ছুটিতে গমনের তারিখ হইতে দুই বৎসরের জন্য প্রাপ্য বেতন-ভাতা ও অন্যান্য আর্থিক সুবধাদি (অবসর প্রস্তুতিমূলক ছুটিতে গমনের পূর্বে প্রচলিত বিধি অনুসারে তিনি যে বেতন-ভাতা ও আর্থিক সুবিধাদি প্রাপ্ত হইতেন) প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

এই বেতন-ভাতা ও আর্থিক সুবিধাদি মাসিকভিত্তিতে প্রদেয় হইবে। তবে কোন কর্মকর্তা ২ (দুই) বছরের আর্থিক সুবিধা এককালীন গ্রহণ করতে চাইলে সেক্ষেত্রে উল্লিখিত ২ (দুই) বছর অতিক্রান্ত হওয়ার পর তা এককালীন প্রাপ্য হইবেন। সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের মুক্তিযোদ্ধা হিসাবে বর্ধিত দুই বছরের চাকুরি পেনশন নির্ধারণের ক্ষেত্রে যোগ্য চাকুরি (Qualifying Service) বলিয়া গণ্য হইবে।

প্রচলিত বিধি-বিধানে যাহা কিছুই থাকুক না কেন সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের আর্থিক সুবিধাদি এই আদেশবলে নিষ্পত্তি হইবে।

জনস্বার্থে জারীকৃত এই আদেশ ১৩ ডিসেম্বর ২০০৯ তারিখ হইতে কার্যকর হইয়াছে এবং ১২ ডিসেম্বর ২০১১ তারিখে এর পরিসমাপ্তি ঘটিয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খোন্দকার মোঃ আসাদুজ্জামান**
সচিব।

**সশস্ত্র বাহিনীর এলপিআর ভোগরত মুক্তিযোদ্ধা কর্মকর্তাদের তালিকা**

| ক্রমিক নম্বর | নম্বর, পদবী ও নাম | এলপিআর গমনের তারিখ | এলপিআর শেষ হওয়ার তারিখ |
|---|---|---|---|
| **কর্মকর্তা-সেনাবাহিনী** | | | |
| (১) | বিএ-১১৩৬ লেঃ জেনারেল আবু তৈয়ব মোহাম্মদ জহিরুল আলম, আরসিডিএস, পিএসসি | ০৫-১০-২০০৯ (১৫-১১-২০০৯ বর্ধিতসহ) | ১৫-১১-২০১০ |
| (২) | বিএ-১১৪৩ মেজর জেনারেল আবু রুশদ রোকনউদদৌলা, এনডিসি, পিএসসি | ২৬-০৩-২০০৯ | ২৬-০৩-২০১০ |
| (৩) | বিএ-১৫৫৯ মেজর জেনারেল মুহাম্মদ ইস্তিয়াক, এনডিসি, পিএসসি | ১১-০২-২০১০ | ১১-০২-২০১১ |
| (৪) | বিএ-১৪৯৮ ব্রিগেডিয়ার জেনারেল শহীদ উল্লাহ চৌধুরী, এনডিসি | ১৫-০৭-২০০৯ | ১৫-০৭-২০১০ |
| (৫) | বিএ-১৬৫৫ ব্রিগেডিয়ার জেনারেল মোসারফ হোসেন | ১১-০৪-২০০৯ | ১১-০৪-২০১০ |
| (৬) | বিএ-১০০৩১৬ লেঃ কর্ণেল মোঃ গোলাপ হোসেন, এএমসি | ১৪-১১-২০০৯ | ১৪-১১-২০১০ |
| (৭) | বিএ-১১০১৫২ লেঃ কর্ণেল মোঃ মিনহাজ আলী, এএমসি | ৩১-১২-২০০৮ | ৩১-১২-২০০৯ |
| (৮) | বিএ-১১০১৫৭ লেঃ কর্ণেল মোঃ আব্দুল গনি, এএমসি | ২৮-১২-২০০৮ | ২৮-১২-২০০৯ |
| **জুনিয়র কমিশন্ড কর্মকর্তা-সেনাবাহিনী** | | | |
| (১) | বিজেও-১২৬৫৪ অনারারী ক্যাপ্টেন (সার্ভেয়ার) মোঃ মহিউদ্দিন সরকার, আর্টিলারি | ২৭-০৭-২০০৯ | ২৭-০১-২০১০ |
| (২) | বিজেও-৪১৭১২ অনারারী ক্যাপ্টেন মোঃ বদিউজ্জামান খান, বীর | ১৬-০৯-২০০৯ | ১৬-০১-২০১০ |
| (৩) | বিজেও-৪১৯৭৬ অনারারী ক্যাপ্টেন মীর সিদ্দিকুর রহমান, ই বেঙ্গল | ১৬-০৯-২০০৯ | ১৬-০১-২০১০ |
| (৪) | বিজেও-২২২৮৪ অনারারী ক্যাপ্টেন (এটি) শেখ তোফায়েল আহমেদ, অর্ডন্যান্স | ০৪-১০-২০০৯ | ০৩-০৪-২০১০ |
| (৫) | বিজেও-২৬৩০৬ অনারারী ক্যাপ্টেন (স্টেনো) মোঃ আহবাবুর রব, এসিসি | ২৮-১০-২০০৯ | ২৮-০৪-২০১০ |
| (৬) | বিজেও-২৬৪৪২ মাস্টার ওয়ারেন্ট অফিসার মোঃ আব্দুল হালিম ভূঁইয়া, এসিসি | ২৪-১১-২০০৯ | ২৪-০৫-২০১০ |
| (৭) | বিজেও-১২৬৬৯ মাস্টার ওয়ারেন্ট অফিসার (সার্ভেয়ার) মোঃ সামছুল হক, আর্টিলারি | ০২-১১-২০০৯ | ০২-০৫-২০১০ |
| (৮) | বিজেও-১৪৪৭৫ অনারারী ক্যাপ্টেন মোঃ হারুন অর রশীদ ফকির (অব.) | ৩০-০৯-২০০৯ | ৩০-০৩-২০১০ |

| জুনিয়র কমিশন্ড কর্মকর্তা-নৌবাহিনী | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্রমিক নম্বর | পি নম্বর/সঃ সংখ্যা | পদবী | নাম | এলপিআর গমনের তারিখ | এলপিআর শেষ হওয়ার তারিখ |
| (১) | পি নম্বর ১৮৬৭ | অঃ সাবঃ লেঃ | মোঃ মুখলেছুর রহমান | ১৫-১০-২০০৯ | ১২-০৪-২০১০ |
| (২) | পি নম্বর ১৯৩৩ | অঃ সাবঃ লেঃ | নুর মোহাম্মদ শেখ | ২৯-১১-২০০৯ | ২৭-০৫-২০১০ |
| (৩) | পি নম্বর ২০৩৯ | অঃ সাবঃ লেঃ | এম শাহনুর আহমেদ | ২৯-০৯-২০০৯ | ২৭-০৩-২০১০ |
| (৪) | সঃ সংখ্যা ৭৬০৪৯১ | এমসিপিও (আর) | মোঃ ইমারত হোসেন | ১৫-১০-২০০৯ | ১২-০৪-২০১০ |

**নোট :**

১। ১৩ ডিসেম্বর ২০০৯ তারিখে অথবা তৎপরবর্তী সময়ে নৌবাহিনীর কোন মুক্তিযোদ্ধা কর্মকর্তা এলপিআর-এ গমন করেন নাই।

২। ১৩ ডিসেম্বর ২০০৯ তারিখে অথবা তৎপরবর্তী সময়ে বিমানবাহিনীর কোন মুক্তিযোদ্ধা কর্মকর্তা এলপিআর-এ গমন করেন নাই।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**মাঠ প্রশাসন-৪ শাখা**
**প্রজ্ঞাপন**

তারিখ, ১০ পৌষ ১৪১৯/২৪ ডিসেম্বর ২০১২

**নং ০৫.১৪০.০০৪.০০.০০.১৪.২০১২-১০৪১**—চরফ্যাশন উপজেলাধীন উপকূলীয় ও চর অঞ্চলের জনসাধারণের বিচার প্রাপ্তির ক্ষেত্রে দুর্ভোগ লাঘবের নিমিত্ত উপজেলা নির্বাহী অফিসার, চরফ্যাশন ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-কে তার অধিক্ষেত্রের এখতিয়ারাধীন ফৌজদারী কার্যবিধির আওতায় দায়েরকৃত কার্যধারাসমূহ নিষ্পত্তির লক্ষ্যে The Code of Criminal Procedure, 1898-এর ১০(৫) ধারা অনুযায়ী একই আইনের Schedule-IV-এর উপ-অনুচ্ছেদ VI-এর ক্ষমতা অর্পণ করা হলো এবং বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালত, ভোলা-এ চরফ্যাশন উপজেলার এখতিয়ারাধীন The Code of Criminal Procedure, 1898-এর অধীনে চলমান মামলাসমূহ উপজেলা নির্বাহী অফিসার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, চরফ্যাশন-এর আদালতে প্রেরণের জন্য বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ভোলাকে অনুরোধ করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রেয়াজুল হক**
সিনিয়র সহকারী সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ, ২৯ জুলাই ২০১২

**নং বিচার-৭/২এন-১৩/২০১২-৫৭৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোহাম্মদ আবুল বাশার, পিতা মোহাম্মদ আবুল হাসেম, গ্রাম টেংরীপাড়া, ডাকঘর ভাদ্রা, উপজেলা নাগরপুর, জেলা টাংগাইল) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে টাংগাইল জেলার নাগরপুর উপজেলার ৭নং ভাদ্রা ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোহাম্মদ জহিরুল কবির**
সিনিয়র সহকারী সচিব।

---

**আদেশ**

তারিখ, ২০ ডিসেম্বর ২০১২

**নং বিচার-৭/২এন-৪১/২০০৪(অংশ-১)-৮৫৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ ফুরকান উদ্দিন, পিতা মরহুম জিল্লু মিয়া, গ্রাম নোয়াগাঁও, পোঃ ব্রাহ্মণহাতা, উপজেলা নবীনগর, জেলা ব্রাহ্মণবাড়ীয়া।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ব্রাহ্মণবাড়ীয়া জেলার নবীনগর উপজেলার নবসৃষ্ট কাইতলা উত্তর ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ মাহমুদুল করিম**
সিনিয়র সহকারী সচিব।